ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০– ৩০ জুন, ২০২১

# সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| টিজিটিডিসিএল-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| সেকশন ১: টিজিটিডিসিএল-এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| সেকশন ৩: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭-১০ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১১ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১২ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৩ |

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (টিজিটিডিসিএল) এর ব্যবস্থাপনা পরিচালক

এবং

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর চেয়ারম্যান এর মধ্যে ২০২০ সালের ...জুলাই... মাসের ...২৯... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লি: এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of TGTDCL)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বিগত এক দশকে দেশের অর্থনীতির আকার বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। অর্থনীতির আকারের সংগে পাল্লা দিয়ে বাড়ছে গ্যাসের চাহিদা। টেকসই উন্নয়ন অভিষ্ট (SDG) এর লক্ষ্য-৭ (Goal-7) অনুযায়ী জ্বালানি সেবায় সার্বজনীন প্রবেশাধিকার নিশ্চিতকরণের প্রসঙ্গ উল্লেখ করা হয়েছে। সেই লক্ষ্যকে সামনে রেখে তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লি: বিগত **৩ (তিন)** অর্থবছরে অর্থাৎ ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ -তে রাষ্ট্রীয় কোষাগারে ১,০৫২.৬৭ কোটি টাকা জমাদান করেছে। আবাসিক গ্যাস সংযোগের ক্ষেত্রে কাঙ্খিত লক্ষ্য অর্জন, গ্রাহক সেবার মান উন্নয়ন ও গ্রাহক সেবা সংক্রান্ত তথ্যাদি সহজলভ্য করার লক্ষ্যে তথ্য সমৃদ্ধ কোম্পানির ওয়েবসাইট চালু করা হয়েছে। সবার জন্য বিদ্যুৎ বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার। সরকারের অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানি লিমিটেড-এর সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেগাওয়াট, বসুন্ধরা মাল্টিপেপার ২৫.৮ মেগাওয়াট, এমপিপি পাওয়ার প্লান্ট ৩৮.৯২ মেগাওয়াট, ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্র ৩৬৫ মেগাওয়াট পাওয়ার প্লান্টে গ্যাস সরবরাহ করা হচ্ছে। রূপকল্প-২০২১ এ সিস্টেম লস কমিয়ে আনার প্রসঙ্গ উল্লেখ করা হয়েছে। কোম্পানির সিস্টেম লস কমানোর লক্ষ্যে ২,০০,০০০ (দুই লক্ষ) টি প্রি-পেইড মিটার স্থাপন, অভিযান পরিচালনার মাধ্যমে অবৈধ বিতরণ লাইন ও স্থাপনা উচ্ছেদকরণসহ পুরাতন ও ক্ষতিগ্রস্ত বিতরণ লাইন অপসারণ করা হয়েছে এবং তা চলমান আছে। এছাড়া গ্রাহক সেবা প্রদানসহ গ্যাস সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে আরো ৪ (চার) টি প্রকল্প হাতে নেয়া হয়েছে। রূপকল্প-২০২১ অনুযায়ী নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহের স্বার্থে শ্রীপুর-জয়দেবপুর ২৮ কিলোমিটার গ্যাস পাইপ লাইন নির্মাণ, Dhaka Mass Rapid Transit Development Project – DMRTDP এর অধীন আগারগাঁও হতে কাওরান বাজার পর্যন্ত ৩/৪" হতে ১৬" বিতরণ গ্যাস পাইপ লাইন ও সার্ভিস লাইন এবং কাওরান বাজার হতে মতিঝিল পর্যন্ত বিদ্যমান বিতরণ ও সার্ভিস লাইন স্থানান্তর, তিতাস গ্যাস অধিভুক্ত এলাকায় ধলেশ্বরী ও কালিগঙ্গা নদীর মোট ৫টি স্থানে HDD পদ্ধতিতে ১৬" হতে ২০" ব্যাসের ৩৫০ পিএসআইজি চাপের গ্যাস পাইপ লাইনের নদী অতিক্রম ও বিদ্যমান পাইপ লাইনের সাথে আন্তঃসংযোগ কাজ সম্পন্ন করা হয়েছে। আধুনিক পরিবেশে গ্রাহক সেবা নিশ্চিত করার জন্য জয়দেবপুরস্থ কোম্পানির নিজস্ব জায়গায় অফিস ভবন নির্মাণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

রূপকল্প-২০২১ এ চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে জ্বালানি সরবরাহ বৃদ্ধির প্রসঙ্গ উল্লেখ করা হয়েছে। টিজিটিডিসিএল অধিভুক্ত এলাকার সংযোগকৃত গ্রাহকের ২৫৭৫ মিলিয়ন ঘনফুট অনুমোদিত লোডের বিপরীতে বর্তমানে দৈনিক সরবরাহ আনুমানিক ১৮০০ মিলিয়ন ঘনফুট। চাহিদা ও সরবরাহের এই ব্যবধানের কারণে বিতরণ নেটওয়ার্কে প্রায়শই গ্যাসের নিম্নচাপজনিত সমস্যা বিরাজ করছে। তিতাস গ্যাস বিতরণ নেটওয়ার্কের স্বল্পচাপ নিরসনের লক্ষ্যে বিতরণ লাইন প্রতিস্থাপন, অবৈধ গ্যাস সংযোগ ও বিতরণ লাইনের কারণে কোম্পানির ব্যাপক আর্থিক ক্ষতিসহ গ্যাস দুর্ঘটনা ঝুঁকি বৃদ্ধি, দক্ষ মানব সম্পদ ব্যবস্থাপনা, জ্বালানি দক্ষতা উন্নয়ন, জ্বালানি সাশ্রয় ও জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ আগামী দিনগুলির জন্য চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮ এ বর্ণিত লক্ষ্য ও পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভিষ্ট (SDG), ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত নীতিমালা/দলিল, সরকারের অন্যান্য কৌশলপত্র, বাজেট ও সময় সময় সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচী এবং সরকার কর্তৃক ঘোষিত রূপকল্প-২০২১ ও রূপকল্প-২০৪১ এর আলোকে তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লিঃ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করছে। এরই ধারাবাহিকতায় ÓInstallation of Pre-paid Gas Meters for TGTDCLÔ শীর্ষক প্রকল্পের আওতায় ঢাকা মেট্রোপলিটন এলাকায় ২০২০-২১ অর্থবছরের মধ্যে ১,২০,০০০ টি আবাসিক গ্রাহকের প্রি-পেইড মিটার স্থাপন করা হবে। সরকারি নির্দেশনার আলোকে প্রাপ্যতার ভিত্তিতে ২০২১ সালের মধ্যে পর্যায়ক্রমে ৫০০০ CFT PER HOUR LOAD এবং অনুমোদিত চাপ ৫ PSI এর বেশি শিল্প গ্রাহক/সিএনজি/ক্যাপটিভ পাওয়ার প্লান্টে ইভিসি মিটার স্থাপন করা হবে। তাছাড়া **২০২০-২১, ২০২১-২২** অর্থবছরের মধ্যে অত্র কোম্পানির সমগ্র পাইপ লাইন ও স্থাপনাসমূহ GIS এবং SCADA এর আওতায় এনে অটোমেশন এর কার্যক্রম বাস্তবায়ন করা হবে। প্রতিটি মার্কেটিং অফিস এর আওতায় গ্যাস ইনটেক এবং বিক্রির হিসাব নির্ধারণ করে সিস্টেম লস নির্ণয়করত: মার্কেটিং অফিসগুলোর কার্যক্রমের গুণগত মান বৃদ্ধি করা হবে। ইতোমধ্যে ৩৩টি ব্যাংক এর মাধ্যমে অন-লাইন বিলিং কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়াও ২০২০-২০২১ সালের মধ্যে ৭/৮ টি কমার্শিয়াল ব্যাংক, মোবাইল ফোন অপারেটর গ্রামীণফোন, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ, রকেট ও নগদ অন-লাইনে গ্যাস বিল সংগ্রহ করতে পারবে। বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে বিতরণ পাইপ লাইন নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। রিলায়েন্স বাংলাদেশ এলএনজি এন্ড পাওয়ার লি. (রিলায়েন্স পাওয়ার লি:) এ ৭১৮ মেগাওয়াট কমবাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য চুক্তি অনুস্বাক্ষর করা হয়েছে। কোম্পানির নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত "ঢাকা-টাঙ্গাইল ৪ লেন মহাসড়ক বরাবর বিদ্যমান গ্যাস নেটওয়ার্ক প্রতিস্থাপন প্রকল্প; জয়দেবপুর-ময়মনসিংহ ৪ লেন মহাসড়ক বরাবর কোম্পানির বিদ্যমান গ্যাস নেটওয়ার্ক পুনঃস্থাপন প্রকল্প, Implementation on GIS MAP in Titas Franchise area প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বিভিন্ন শিল্প কারখানায় গ্যাস সরবরাহ নিশ্চিত করা হবে। বর্তমান সরকারের লক্ষ্য অনুযায়ী DIGITAL BANGLADESH গড়ার অংশ হিসেবে ICT System আধুনিকায়ন কার্যক্রম চলমান আছে এবং সে অনুযায়ী ভবিষ্যতে তথ্য প্রযুক্তির ম্যধ্যমে সেবা গ্রাহকের দোরগোড়ায় পৌঁছে দেওয়া হবে।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- প্রাকৃতিক গ্যাস বিক্রয় ৬২০ বিসিএফ;
- বকেয়া পাওনা ৩.৫০ (তিন দশমিক পাঁচ) মাসের নিচে নামিয়ে আনা;
- বিতরণ পাইপ লাইন নির্মাণ ৫০ (পঞ্চাশ) কিলোমিটার;
- অবৈধ ও খেলাপী সংযোগ সংখ্যা বিচ্ছিন্ন করা ১,২০০ (এক হাজার দুই শত);
- প্রি-পেইড গ্যাস মিটার ও ইভিসি মিটার স্থাপন ৫০,০০০ (পঞ্চাশ হাজার ) টি এবং
- মানব সম্পদের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য কর্মকর্তা/কর্মচারীকে স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ ৫০০ (পাঁচশত) জন;
- ব্যবসা সহজীকরণ ও ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) এর মাধ্যমে সেবা প্রদান।

# সেকশন ১:

## টিজিটিডিসিএল-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)

### ১.১ রূপকল্প:

প্রাকৃতিক গ্যাসের দক্ষ ও নিরাপদ বিতরণ।

### ১.২ অভিলক্ষ্য:

সম্মানিত গ্রাহকদের উন্নত সেবা প্রদান; প্রাকৃতিক গ্যাসের দক্ষ ব্যবহার নিশ্চিতকরণ এবং গ্যাস বিপণনে সুশাসন নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

#### ১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা;
২. কোম্পানি অধিভুক্ত এলাকায় জ্বালানীর সাশ্রয়ী ব্যবহার বৃদ্ধিকরণ;
৩. মানব সম্পদের কর্মদক্ষতা বৃদ্ধি করা।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন; এবং
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ;

### ১.৪ কার্যাবলি:

১.৪.১ টিজিটিডিসিএল-এর আওতাভুক্ত এলাকায় প্রাকৃতিক গ্যাসের পর্যাপ্ত সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) প্রণয়ন;

১.৪.২ তিতাস অধিভুক্ত এলাকায় পাইপ লাইনের মাধ্যমে বিভিন্ন শ্রেণীর সুফলভোগী গ্রাহকদের মধ্যে জ্বালানি প্রাকৃতিক গ্যাসের বিপণন;

১.৪.৩ টিজিটিডিসিএল-এর আওতাভুক্ত এলাকায় TBS/DRS/RMS স্থাপন করা এবং গ্যাস পাইপ লাইন ও সংশ্লিষ্ট সঞ্চালন/বিতরণ স্থাপনাসমূহের নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসনের মাধ্যমে গ্যাস বিপণন;

১.৪.৪ সরকারি বিধি-বিধান অনুসারে টিজিটিডিসিএল-এর আওতাভুক্ত এলাকায় বিভিন্ন ধরনের গ্রাহক শ্রেণির কাছে প্রাকৃতিক গ্যাস সরবরাহ;

১.৪.৫ সরকারি বিধি-বিধান অনুসারে গ্যাস বিপণন ও রাজস্ব আদায় এবং

১.৪.৬ জরুরি গ্রাহক চাহিদা ও সেবা নিশ্চিত করা এবং মানব সম্পদের দক্ষ ব্যবহার ও কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা।

## সেকশন-২ : দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ (প্রাক্কলিত) | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত ডিভিশন/বিভাগ | উপাত্ত সূত্র (Sources of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ (সাময়িক) | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ নিশ্চিতকরণ | বিদ্যুৎ | এমএমসিএম | ৪১৯৭ | ৪৮৮২ | ৪৭১১ | ৪৮০৫ | ৫৭৬৬ | অপারেশন ডিভিশন এবং বিপণন ডিভিশন, টিজিটিডিসিএল। | টিজিটিডিসিএল-এর বার্ষিক প্রতিবেদন এবং অপারেশন ডিভিশন। |
| | শিল্প | | ৩৯০৭ | ৪৩০৩ | ৪৪৮৯ | ৪৯৩৮ | ৫৪৩২ | | |
| | ক্যাপটিভ | | ৪২৮৫ | ৪৮৬৯ | ৫০৭৯ | ৫৮৪১ | ৬১৩৩ | | |
| | আবাসিক | | ২৯৮৮ | ২৫৮৫ | ২৪৯৫ | ২৪৯৫ | ২৫২০ | | |

সেকশন-৩ : **কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ** :

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation Method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ (সাময়িক) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **টিজিটিডিসিএল-এর কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| (১) জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ | ২৯ | (১.১) প্রাকৃতিক গ্যাস বিক্রয় | (১.১.১) বিক্রিত প্রাকৃতিক গ্যাসের পরিমাণ | সমষ্টি | বিসিএফ | ২০ | ৬০০.৫ | ৬১০ | ৬২০ | ৫৫৮ | ৪৯৬ | ৪৩৪ | ৩৭২ | ৬৪০ | ৬৬০ |
| | | (১.২) বকেয়া পাওনা | (১.২.১) বিক্রয় রাজস্ব বৃদ্ধি | গড় | মাসিক বিক্রয়ের সমতুল্য | ৪ | ৩.০০ | ২.৭৪ | ৩.৫০ | ৩.৮৯ | ৪.৩৮ | ৫.০০ | ৫.৮৩ | ৩.৫০ | ৩.৫০ |
| | | (১.৩) পাইপ লাইন নির্মাণ | (১.৩.১) পাইপ লাইন সম্প্রসারণ (বিতরণ পাইপ লাইন) | সমষ্টি | কি:মি: | ৫ | ৫১.১৯ | ৫০.২৪ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৫০ |
| (২) মুজিব বর্ষ উপলক্ষ্যে তিতাস গ্যাসের লক্ষ্য "অবৈধ সংযোগমুক্ত গ্যাস বিতরণ ব্যবস্থা" বাস্তবায়নসহ তিতাস অধিভুক্ত এলাকায় জ্বালানির সাশ্রয়ী ব্যবহার বৃদ্ধিকরণ। | ৩৫ | (২.১) অবৈধ ও খেলাপী পুনঃসংযোগ | (২.১.১) সংযোগ বিচ্ছিন্নকরণ | সমষ্টি | সংখ্যা | ২০ | ২,০২৫ | ১,৮৭৯ | ৩,০০০ | ২,৭০০ | ২,৪০০ | ২,১০০ | ১,৮০০ | ২,০০০ | ১,৫০০ |
| | | (২.২) প্রি-পেইড/ইভিসি মিটার স্থাপন | (২.২.১) প্রি-পেইড /ইভিসি মিটার স্থাপন | সমষ্টি | সংখ্যা | ১৫ | ১,৪১,৯৭৬ | ৫২,৮২৫ | ৫০,০০০ | ৪৫,০০০ | ৪০,০০০ | ৩৫,০০০ | ৩০,০০০ | ১,০০,০০০ | ১,২০,০০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation Method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ (সাময়িক) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **টিজিটিডিসিএল-এর কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| (৩) মানব সম্পদের কর্মদক্ষতা বৃদ্ধি | ৪ | (৩.১) প্রশিক্ষিত জনবল | (৩.১.১) প্রশিক্ষিত জনবল | সমষ্টি | সংখ্যা | ৪ | ৯০৬ | ১,১২৯ | ৭০০ | ৬৩০ | ৫৬০ | ৪৯০ | ৪২০ | ৮০০ | ৯০০ |
| (৪) বিনিয়োগ বিকাশে পদক্ষেপ গ্রহণ | ৭ | (৪.১) বেজা/এসইজেড শিল্পাঞ্চলের গ্যাস সংযোগ আবেদন নিষ্পত্তিতে সময়সীমা | (৪.১.১) আদেশ জারী | সময় | সময় | ২ | - | - | ৩০ | ৩৩ | ৩৮ | ৪৩ | ৫০ | - | - |
| | | (৪.২) ওএসএস এর মাধ্যমে সেবা প্রদান | (৪.২.১) আদেশ জারী | সময় | সময় | ২ | - | - | ৩১.১২.২০২০ তারিখের মধ্যে | ২৮.০২.২০২১ তারিখের মধ্যে | ৩০.০৪.২০২১ তারিখের মধ্যে | ৩১.০৫.২০২১ তারিখের মধ্যে | ৩০.০৬.২০২১ তারিখের মধ্যে | - | - |
| | | (৪.৩) বাস্তবায়ন ও পরিবীক্ষণ | (৪.৩.১) প্রদত্ত সেবা সম্পর্কে মতামত সংগ্রহের পদ্ধতি ও সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১.৫ | - | - | ৪ | ৩ | ২ | ১ | ০ | - | - |
| | | (৪.৪) ব্যবসা সহজীকরণ ও ও এসএস সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ | (৪.৪.১) পদ্ধতি ও সমষ্টি | সমষ্টি | সংখ্যা | ১.৫ | - | - | ৪ | ৩ | ২ | ১ | ০ | - | - |

## টিজিটিডিসিএল-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২১

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (টিজিটিডিসিএল) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (টিজিটিডিসিএল) এর ব্যবস্থাপনা পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

আলী মোঃ আল-মামুন
ব্যবস্থাপনা পরিচালক
তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লিঃ

২৯/০৭/২০২০
তারিখ

ব্যবস্থাপনা পরিচালক
তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (টিজিটিডিসিএল)।

২৯/০৭/২০২০
তারিখ

চেয়ারম্যান
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।

এ বি এম আবদুল ফাত্তাহ
চেয়ারম্যান
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)।

# সংযোজনী-১: শব্দসংক্ষেপ

| ক্রমিক নং | আদ্যক্ষরা | বর্ণনা |
|---|---|---|
| ১. | APA | Annual Performance Agreement |
| ২. | পেট্রোবাংলা | বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন |
| ৩. | টিজিটিডিসিএল | তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ৪. | বিসিএফ | বিলিয়ন ঘনফুট |
| ৫. | এলকেএম | দৈর্ঘ্য- কিলোমিটার |
| ৬. | বিএমডি | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো |
| ৭. | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন |
| ৮. | বিপিআই | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট |
| ৯. | বিটিইউ | ব্রিটিশ থার্মাল ইউনিট |
| ১০. | ইএমআরডি | এনার্জি এন্ড মিনারেল রিসোর্সেস ডিভিশন |
| ১১. | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ১২. | বাপেক্স | বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেড |
| ১৩. | এডিবি | এশীয় উন্নয়ন ব্যাংক |
| ১৪. | GHG | Green House Gas |
| ১৫. | CDM | Clean Development Mechanism |
| ১৬. | GDP | Gross Domestic Products |
| ১৭. | APP | Annual Procurement Plan |
| ১৮. | GIS | Global Information System |
| ১৯. | ERP | Enterprise Resource Planning |
| ২০. | TBS | Town Border Station |
| ২১. | RMS | Regulating and Metering Station |
| ২২. | CGS | City Gate Station |
| ২৩. | DRS | District Regulating Station |
| ২৪. | ADB | Asian Development Bank |
| ২৫. | TGTDCL | Titas Gas Transmission & Distribution Company Ltd. |
| ২৬. | পিআরএল | পোস্ট রিটায়ারমেন্ট লিভ |
| ২৭. | SIP | Small Improvement Project |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বিববাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমানক বং উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|
| ১. | প্রাকৃতিক গ্যাস বিক্রয় | গ্যাস বিক্রয়ের পরিমাণ | কোম্পানির বাৎসরিক মোট গ্যাস বিক্রয়ের পরিমাণ | ১. বিপণন ডিভিশন, টিজিটিডিসিএল | টিজিটিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন |
| ২. | বকেয়া আদায় | রাজস্ব বৃদ্ধি | মোট বকেয়া টাকায়/ মাসিক গড় গ্যাস বিক্রয়ের পরিমাণ টাকায় | ১. বিপণন ডিভিশন, টিজিটিডিসিএল<br>২. রাজস্ব ডিভিশন, টিজিটিডিসিএল | টিজিটিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন |
| ৩. | পাইপলাইন এর দৈর্ঘ্য | পাইপ লাইনের সম্প্রসারণ | কোম্পানির বাৎসরিক নির্মাণকৃত মোট গ্যাসপাইপ লাইনের পরিমাণ | ১. বিপণন ডিভিশন, টিজিটিডিসিএল<br>২. পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, টিজিটিডিসিএল<br>২. কোম্পানি কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্পের আওতায় | টিজিটিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন, এমআইএস প্রতিবেদন/সংশ্লিষ্ট প্রকল্প প্রতিবেদন |
| ৪. | অবৈধ ও খেলাপী পুনঃসংযোগ | গ্যাস সংযোগ বিচ্ছিন্ন | বাৎসরিক গ্যাস সংযোগ বিচ্ছিন্নের মোট সংখ্যা | ১. বিপণন ডিভিশন, টিজিটিডিসিএল<br>২. রাজস্ব ডিভিশন, টিজিটিডিসিএল<br>৩. ভিজিল্যান্স ডিভিশন,টিজিটিডিসিএল | টিজিটিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন |
| ৫. | প্রি-পেইড/ ইভিসি মিটার স্থাপন | প্রি-পেইড মিটার স্থাপন সংখ্যা | বাৎসরিক প্রি-পেইড/ইভিসি যুক্ত মিটার স্থাপন সংখ্যা | ১. বিপণন ডিভিশন, টিজিটিডিসিএল<br>২. পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, টিজিটিডিসিএল<br>৩. ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন, টিজিটিডিসিএল | টিজিটিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন |
| ৬. | প্রশিক্ষিত জনবল | কর্মকর্তা/কর্মচারীবৃন্দের প্রশিক্ষণ | কর্মকর্তা/কর্মচারীবৃন্দের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার/ ওয়ার্কশপে অংশ গ্রহণ, সংশ্লিষ্টদের স্ব-স্ব ক্ষেত্রে উচ্চ শিক্ষার সুযোগ প্রদান | ১. প্রশাসন ডিভিশন, টিজিটিডিসিএল<br>২. মানব সম্পদ উন্নয়ন বিভাগ, টিজিটিডিসিএল | টিজিটিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন |
| ৭. | বিনিয়োগ বিকাশ-গ্যাস সংযোগ | আদেশ জারী, প্রদত্ত গ্রাহক সেবা সম্পর্কে মতামত সংগ্রহের পদ্ধতি ও সংখ্যা ইত্যাদি। | ওএসএস এর মাধ্যমে সেবা প্রদান, বাস্তবায়ন ও পরিবীক্ষণ, ব্যবসা সহজীকরণ ও ওএসএস সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ বৃদ্ধি ইত্যাদি। | ১. প্রশাসন ডিভিশন, টিজিটিডিসিএল<br>২. বিপণন ডিভিশন, টিজিটিডিসিএল<br>৩. রাজস্ব ডিভিশন, টিজিটিডিসিএল<br>৪. আইসিটি ডিভিশন, টিজিটিডিসিএল | টিজিটিডিসিএল এর বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন |

# সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | পেট্রোবাংলা | গ্যাস বিক্রয়ের পরিমাণ | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন ও নীতি মোতাবেক | গ্রাহকের নিকট গ্যাস সরবরাহ বিঘ্নিত হবে এবং এর ফলে গ্রাহকগণের মধ্যে অস্থিরতা তৈরী হতে পারে। |
| পেট্রোবাংলা | জিটিসিএল | | চাহিদা অনুযায়ী গ্যাসের সরবরাহ | সরকারী আইন ও নীতি মোতাবেক | |
| পেট্রোবাংলা | বিজিএফসিএল | | চাহিদা অনুযায়ী গ্যাস উত্তোলন | সরকারী আইন ও নীতি মোতাবেক | |
| পেট্রোবাংলা | টিজিটিডিসিএল | | চাহিদা অনুযায়ী গ্যাস উত্তোলন | সরকারী আইন ও নীতি মোতাবেক | |
| পেট্রোবাংলা | বাপেক্স | | চাহিদা অনুযায়ী গ্যাস উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | সরকারী আইন ও নীতি মোতাবেক | |
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | পেট্রোবাংলা | সংযোগ সংখ্যা | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন ও নীতি মোতাবেক | সংযোগ বন্ধের কারণে জনসাধারণের নিকট গ্যাস সরবরাহ বিঘ্নিত হবে। |
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | পেট্রোবাংলা | পাইপলাইন এর দৈর্ঘ্য | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন ও নীতি মোতাবেক | সময়মতো পাইপ লাইন নির্মাণ বা প্রকল্প বাস্তবায়ন না হলে নতুন এলাকায় গ্যাস সরবরাহ বিঘ্নিত হবে। |
| পরিকল্পনা মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশন | | প্রকল্প অনুমোদন | সরকারী আইন ও নীতি মোতাবেক | |
| অর্থ মন্ত্রণালয় | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | | বৈদেশিক অর্থায়নের জন্য দাতা সংস্থা সমুহের সাথে যোগাযোগ | সরকারী আইন ও নীতি মোতাবেক | |
| অর্থ মন্ত্রণালয় | অর্থ বিভাগ | | ফান্ড অনুমোদন ও অর্থ ছাড়করণ | সরকারী আইন ও নীতি মোতাবেক | |
| পরিবেশ ও বন মন্ত্রণালয় | পরিবেশ বিভাগ | | প্রকল্পের পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র ইস্যু | সরকারী আইন ও নীতি মোতাবেক | |
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | পেট্রোবাংলা | গ্যাস সংযোগ বিচ্ছিন্ন | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন ও নীতি মোতাবেক | বকেয়ার কারণে সংযোগ বিচ্ছিন্নকরণ ও অবৈধ সংযোগ বিচ্ছিন্ন কাজে জনবলের স্বল্পতা এবং যথাসময়ে পুলিশ ও প্রশাসনের সহযোগীতা না পেলে কাঙ্ক্ষিত প্রত্যাশা পূরণ হবে না। |
| স্বরাষ্ট্র মন্ত্রণালয় | বাংলাদেশ পুলিশ | | নিরাপত্তা নিশ্চিতকরণ | সরকারী আইন ও নীতি মোতাবেক | |
| জনপ্রশাসন মন্ত্রণালয় | স্থানীয় প্রশাসন | | নিরাপত্তা নিশ্চিতকরণ | সরকারী আইন ও নীতি মোতাবেক | |
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | পেট্রোবাংলা | ইভিসি যুক্ত মিটার স্থাপনসংখ্যা | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন ও নীতি মোতাবেক | ইভিসি যুক্ত মিটার স্থাপন বিঘ্নিত হবে। |
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | পেট্রোবাংলা | কর্মকর্তা/ কর্মচারীবৃন্দের প্রশিক্ষণ | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন ও নীতি মোতাবেক | দক্ষ মানব সম্পদ উন্নয়ন ব্যাহত হবে। |